



নং- ৩৬.০০.০০০০.০৬৭.০১.০০৯.০৮(খন্ড-৩)-৯৭

তারিখ : ১০ বৈশাখ, ১৪২৭
২৩ এপ্রিল, ২০২০

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অধীন শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে চলতি মূলধন (working capital) এর জন্য ঋণ প্রদান প্রসংগে।

সূত্র : বিএসইসি'র স্মারক নং- ৩৬.৯৩.০০০০.০২১.০৪.০০১.১৯-১০০, তাং- ১৫-০৪-২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে সরকারি নির্দেশনা অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের অধীন বিএসইসি'র শিল্প প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম বন্ধ রয়েছে। ফলে এ সকল প্রতিষ্ঠানের চলতি মূলধন (working capital) সংকট দেখা দিয়েছে। করোনা ভাইরাস সাংক্রান্ত বিপর্যয় মোকাবেলার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী দেশের শিল্প প্রতিষ্ঠানের জন্য প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে। বিএসইসি তাদের নিম্নোক্ত ৩ (তিন)টি প্রতিষ্ঠানের চলতি মূলধন (working capital) সংকট নিরসনের লক্ষ্যে ১৩৩ (একশত তেত্রিশ) কোটি ১৮ (আঠার) লক্ষ টাকা ঋণ প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে অনুরোধ জানিয়েছে :

- (ক) প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ;
- (খ) গাজী ওয়ার্স লিঃ; ও
- (গ) এটলাস বাংলাদেশ লিঃ। (পত্রের কপি সংযুক্ত)

উল্লেখ্য, ইতোপূর্বে অপর একটি পত্রের প্রেক্ষিতে গত ০৮-০৪-২০২০ খ্রি. তারিখ বিএসইসি'র ৫ (পাঁচ)টি শিল্প প্রতিষ্ঠান যথা- (i) ইষ্টার্ণ কেবলস লিঃ, (ii) ন্যাশনাল টিউবস লিঃ, (iii) জিইএম কোং লিঃ, (iv) বাংলাদেশ রোড ফ্যাক্টরী লিঃ ও (v) ইষ্টার্ণ টিউবস লিঃ এর চলতি মূলধন (working capital) সংকট নিরসনের লক্ষ্যে বিএসইসি'র অনুকূলে ৯৯ (নিরানব্বই) কোটি টাকা ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। গত ০৫-০৪-২০২০ খ্রি. তারিখ মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ পর্যালোচনা করে দেখা যায়, ক্ষতিগ্রস্ত শিল্প ও সেবা খাতের জন্য ৩০ হাজার কোটি টাকা এবং এসএমই বা ক্ষুদ্র ও মাঝারি খাতের জন্য (কুটিরসহ) ২০ হাজার কোটি টাকা প্রণোদনা ঘোষণা করা হয়েছে। উক্ত প্রণোদনা প্যাকেজে সরকারি শিল্প খাত সম্পর্কে কোন নির্দেশনা নাই। বাংলাদেশ ব্যাংক ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণে সরকারি খাত সম্পর্কে কোন বিবরণ নাই। কোভিড-১৯ এর প্রভাবে সরকারি শিল্প প্রতিষ্ঠানও সমভাবে ক্ষতিগ্রস্ত। সরকারি শিল্প প্রতিষ্ঠানসমূহও চলতি মূলধন (working capital) হিসাবে বাণিজ্যিক ব্যাংক থেকে বে-সরকারি খাতের ন্যায় সমহারে ঋণ নিয়ে থাকে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রণোদনা প্যাকেজের আওতায় সরকারি শিল্প কারখানাসমূহ চলতি মূলধন (working capital) হিসাবে ঋণ পেলে তারা এ বিপর্যয়ে কিছুটা স্বস্তি পাবে।

৩। বর্ণিতাবস্থায়, শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) কর্তৃক পরিচালিত ৮ (আট)টি শিল্প প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় একই সূত্রে বিএসইসি'র অনুকূলে ২৩২ কোটি ১৮ লক্ষ টাকা চলতি মূলধন (working capital) হিসাবে ঋণ প্রদানের বিষয় বিবেচনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক - ৬ (ছয়) পাতা।

২৩/০৪/২০২০

(মোঃ মাকসুদুর রহমান)

সহকারী সচিব

মোবাইল : ০১৯৭৪৮৫৮৮০৭

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা
- ২। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য

অনুলিপি:

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাও, ঢাকা
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বিএসইসি ভবন, কাওরান বাজার, ঢাকা
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৫। সচিব এর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।